দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র ও মাস্ক বিতরণ

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র (কম্বল) ও মাক্স বিতরণ করা হয়েছে। শীতার্ত অসহায় মানুষের সামান্য উষ্ণতা দিতে সামাজিক দায়বদ্ধতার বিষয়টি মাথায় রেখে বিগত বছরগুলোর ন্যায় সেচ্ছাসেবী এ সংগঠনটি’র আয়োজনে এবারও শীতবস্ত্র (কম্বল) ও মাস্ক বিতরণ করা হয়।

শনিবার বিকালে দামুড়হুদা দশমী সরকারি প্রাইমারি স্কুলে কম্বল ও মাস্ক বিতরণ করা হয়। “ওরা বন্ধু সংঘ’র সভাপতি সাংবাদিক তানজীর ফয়সালের সভাপতিত্বে কম্বল ও মাস্ক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলার শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির।

প্রধান অতিথির বক্তব্যে বলেন, মানবিক সমাজ প্রতিষ্ঠায় “ওরা বন্ধু সংঘ” প্রতিষ্ঠানটি প্রায় ২যুগ যাবত বিভিন্ন সামাজিক কার্যক্রম চালিয়ে আমাদের সমাজের আশপাশের নিন্মবিত্ত, মধ্যবিত্ত মানুষের মনে আশার প্রদীপ জ্বালিয়ে যাওয়ার মতো কাজ করে আসছে। এ ধরনের আয়োজন করার জন্য প্রতিষ্ঠানটির জন্য সর্বদাই আমার সহযোগিতা থাকবে ইনশাআল্লাহ। আশা করি আমাদের দামুড়হুদাতে প্রতিষ্ঠানটির কার্যক্রম আরো সম্প্রসারিত হবে বলে আমি বিশ্বাস করি।

সংগঠনটির উপদেষ্টা মন্ডলীর সদস্য শিক্ষক হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন,জাগ্রত জনতা (সেবামূলক প্রতিষ্ঠান এর প্রতিষ্ঠাতা) প্রাণী চিকিৎসক মোঃজাহাঙ্গীর আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী মোঃ ইমরান হোসেন, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বাসস্ট্যান্ড বাজার বনিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সেক্রেটারি শামসুজ্জোহা পলাশ।

এসময় আরও উপস্থিত ছিলেন “ওরা বন্ধু সংঘ’র সহ-সভাপতি আসলাম মিয়া, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ সহ ক্লাবের সদস্যবৃন্দ।

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮’র পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা বাজারস্থ গ্রিনচিলি রেস্টেুরেন্টের সামনে অসহায় দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা কো-অর্ডিনেটর ইখতিয়ার উদ্দিন, জয়েন্ট কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক শরীফুল আলম মিল্টন, শিক্ষক আব্দুল মোমিন, আক্তার হোসেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, এসএম আব্দুর রকিব, ইউসুফ আলী খান ইছা মেম্বার, সহকারী অধ্যাপক বিল্লাল হোসেন, শিক্ষিকা শামসুন্নাহার, আশেখ উদ-দৌলা লিটন, জাহিদুল ইসলাম, শাহীন কাদির, সাব্বির হোসেন, আব্দুল মোমিন, আতিয়ার রহমান খান, এমদাদুল হক।

গাংনীতে পিকেএসএফ এর কম্বল বিতরণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উদ্যোগে দারিদ্র বিমোচন সংস্থা (ডিবিএস) এর সহযোগীতায় মেহেরপুরের গাংনী, বামন্দী ও কাজীপুর ইউনিয়নের অসহায় হতদরিদ্র ৭০০ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয় ।

বুধবার সকালে ডিবিএস এর গাংনী শাখা অফিস প্রাঙ্গণে ডিবিএস এর

নির্বাহী পরিচালক মোঃ আবু জাফরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ রনি খাতুন।

এ সময় গাংনী উপজেলা অফিসার মোছাঃ রনি খাতুন বলেন, পিকেএসএফ ও ডিবিএস কে সামাজিক সেবামূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিশেষভাবে ধন্যবাদ জানান । তিনি আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার সব সময়ই জনকল্যাণমূলক কর্মীদের পাশে আছেন ।

ডিবিএস এর নির্বাহী পরিচালক মোঃ আবু জাফর বলেন, পিকেএসএফ সব সময়ই বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে । ডিবিএস পিকেএসএফ এর এই সেবামূলক কার্যক্রম মাঠপর্যায়ে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে বাস্তবায়ন করতে পেরে অত্যন্ত আনন্দিত ও গর্বিত । ভবিষ্যতে ডিবিএস ও পিকেএসএফ এভাবেই মানুষের সেবাই এগিয়ে আসবে বলে দৃঢ় প্রতিজ্ঞা ব্যক্ত করেন ।

এছাড়া একইদিনে পৃথক পৃথকভাবে ডিবিএস এর বামন্দী ও কাজীপুর শাখাতেও ডিবিএস এর অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিতিতে মোট ৭০০ জন দুস্থ ও অসহায় মানুষদের মধ্যে এই কম্বল বিতরণ করা হয় । মূলত তৃণমূল পর্যায়ে যথাযথ জরিপের মাধ্যমে উল্লেখিত তিনটি ইউনিয়নের ৭০০ জন অসহায় শীতার্ত মানুষের তালিকা করা হয় । এবং সেই তালিকার ওপরে ভিত্তি করেই এই কম্বলগুলো বিতরণ করা হয় । কম্বল প্রাপ্ত অসহায় মানুষদের বেশিরভাগই ষাটোর্ধ্ব প্রবীণ। তবে অনেক এতিম, প্রতিবন্ধী ও বিধবা নারীও এই কম্বল পেয়েছেন ।

উল্লেখ্য যে, এর আগেও গত ১৬ই জানুয়ারী রোজ সোমবার মেহেরপুরের কুতুবপুর ইউনিয়স্থ ২৪০ জন অসহায় শীতার্তের মাঝে ডিবিএস তার নিজস্ব অর্থায়নে কম্বল বিতরণ করে ।

উথলীতে স্বাস্থ্য কর্মীদের

সাথে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার মতবিনিময়

স্বাস্থ্য সেবার মান উন্নয়নে জীবননগর উপজেলার উথলীতে ইউনিয়ন পর্যায়ে উপ-স্বাস্থ্য,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের নানা সমস্যা ও সম্ভাব্য বিষয় নিয়ে ওয়েভ ফাউন্ডেশন ও উপজেলা লোকমোর্চার নেতৃবৃন্দের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টায় উথলী ডিগ্রী কলেজ মাঠে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার আয়োজনে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উথলী উপস্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় চিকিৎসার মান আরও বৃদ্ধি করতে নানা পদক্ষেপ গ্রহণ করা হয় এবং সেগুলো বাস্তবায়নের জন্য পরিকল্পনা নেওয়া হয়।

উথলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আব্দুল মান্নান পিল্টু’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি,উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ।বিশেষ অতিথি হিসেবে ছিলেন জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক আবু মো.আব্দুল লতিফ অমল,উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল,উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল,ইউনিয়ন লোকমোর্চার সদস্য ইউনুচ আলী,অবসরপ্রাপ্ত শিক্ষক দাউদ হোসেন,আব্দুল মতিন সহ অনেকে।

এছাড়াও অনুষ্ঠানে ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের দায়িত্বরত স্বাস্থ্য কর্মীরা উপস্থিত ছিলেন।

জীবননগরে শীতার্থ মানুষের মাঝে উদ্দীপন এনজিওর কম্বল বিতরণ

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়ায় বেসরকারি সামাজিক উন্নয়ন প্রতিষ্ঠান উদ্দীপন (এনজিও) শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে।

শুক্রবার (১৩ জানুয়ারি) বিকেল সাড়ে ৪ টায় সংস্থার স্থানীয় কার্যালয়ে এই কম্বল বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্দীপন এনজিওর আন্দুলবাড়িয়া শাখা ব্যবস্থাপক আল আসমাউল হুসনার সঞ্চালনায় কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠানের দর্শনা আঞ্চলিক ব্যবস্থাপক (আরএম) বিপ্লব কুমার পোদ্দার।

দেশের সর্বনিম্ন তাপমাত্রায় কাতর চুয়াডাঙ্গার জীবননগরের আন্দুলবাড়িয়া গরীর অসহায় দুস্থ মানুষ এসব মানুষ কস্বল পেয়ে খুব খুশি ও আনন্দিত হয়ে উদ্দীপন এনজির প্রতিকৃতজ্ঞতা প্রকাশ করেন।

চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সামনে গত ৭ জানুয়ারি ২০২৩ সকাল ১১ টার সময় ওয়েভ ফাউন্ডেশনের ৫১৪ কর্মী চাকরীচ্যুত মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশের প্রতিবাদস্বরূপ ও তীব্র নিন্দা জ্ঞাপন করে চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বিগত ৭ ই জানুয়ারি ২০২৩ বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে নারী-পুরুষ কিশোর মিলে এক মানববন্ধন করে যাদের হাতে সংস্থার নির্বাহী পরিচালক বিরোধী বক্তব্য সম্বলিত বিভিন্ন ব্যানার ফেস্টুন ছিল।সেইসাথে মানববন্ধনে সংস্থা ও সংস্থার প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলীর বিরুদ্ধে বিভিন্ন

প্রকার অভিযোগ উপস্থাপনা ও তার ছবি পুড়িয়ে মানববন্ধন কর্মসূচি পালন করে । মানববন্ধনরত কর্মীরা অভিযোগ করে বলেন বিগত তিন বছরে সংস্থা কতৃক অকারণে ৫১৪ জন কর্মীকে চাকরীচ্যুত করে এবং মানববন্ধনে অংশগ্রহণকারীরা চুয়াডাঙ্গা জেলার জেলা প্রশাসকের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন। এরই পরিপ্রেক্ষিতে চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত চুয়াডাঙ্গা মালো পাড়াতে অবস্থিত ওয়েভ ট্রেনিং সেন্টারে বেলা এগারোটার সময় ফাউন্ডেশন এর গভর্নিং বোর্ড ও ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ সংবাদ সম্মেলন করে।

সংবাদ সম্মেলনে ওয়েভ ফাউন্ডেশনের পরিচালক ইফতেখার হোসেন বলেন, সংস্থার প্রাক্তন উপ-নির্বাহী পরিচালক আনোয়ার হোসেনের অব্যাহতির প্রাসঙ্গিক বিষয় সমূহ উল্লেখ করে বলেন ২০১৯-২০ অর্থবছরের সংস্থান কর্মসূচির প্রথম লোকসান হয়। এর প্রেক্ষিতে ২০২০ সালের জুলাই থেকে নির্বাহী পরিচালক সরাসরি ঋণ কর্মসূচির তদারকি করতে থাকেন এবং অক্টোবর মাসে প্রাক্তন উপ-নির্বাহী পরিচালক এর মাঠ পর্যায়ে দায়িত্ব কমিয়ে দিয়ে পরিচালক কফিল উদ্দিনকে কর্মসূচির দায়িত্ব প্রদান করেন। তখন থেকে মুলত আনোয়ার হোসেন বিভিন্ন ভাবে ক্ষুদ্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে কফিল উদ্দিনসহ অন্যান্য কর্মকর্তা ও নির্বাহী পরিচালকের বিরুদ্ধে মনিটরিং এর মানে চাকরি চলে যাচ্ছে বলে মিথ্যা প্রচারণা শুরু করেন। গত ১৫ ই অক্টোবর ২০২২ গভর্নিং বোর্ডের ১৩৬ তম সভায় সংস্থার উপ- নির্বাহী পরিচালক আনোয়ার হোসেনের সংগঠনবিরোধী সামগ্রিক কার্যক্রম পরিচালনার প্রেক্ষিতে আনোয়ার হোসেনের স্থলে পরবর্তী সম্ভাব্য নেতৃত্ব হিসেবে কাকে দায়িত্ব দেয়া যেতে পারে এ বিষয়ে আলোচনা হয় এর প্রেক্ষিতে চেয়ারম্যান এস এম টি সদস্যদের কাছে মতামত জানতে চাইলে উপস্থিত সকলের নাফিসা আলি নাম প্রস্তাব করেন এবং সকলে একমত পোষণ করেন।

এ সময় ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক কানিজ ফাতেমা আরও বলেন, মানববন্ধনে সংস্থার নির্বাহী পরিচালক বিরোধী বক্তব্য ও সম্বলিত বিভিন্ন ব্যানার ফেস্টুন এবং ৪৫০-৫০০ জন চাকুরীচ্যুত সম্পূর্ণরুপে বানোয়াট ও মিথ্যা।

এ সময় তিনি ৪৫০-৫০০ জনের চাকুরীচ্যুত বিষয়ে বলেন, ২০১৯-২০২২ সালে সেচ্ছায় পদত্যাগ ৪২৮ জন, অবসর ১৯ জন,তহবিল তছরুপ এবং দায়িত্ব পালনে দূর্বলতা কারণে ১৬৭ জন, বাধ্যতামূলক অবসর ২, নারীর প্রতি সহিংসতা ও অনৈতিকতার কারণে ১৬ জন কে বাদ দেওয়া হয়।

ওয়েভ ফাউন্ডেশন-এর গভর্নিং বোর্ডের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রফেসর সিদ্দিকুর রহমান,বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক, বীর মুক্তিযোদ্ধা মহসিন আলী, ডাঃ সাহিনুর হায়দার, নজরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা রাশেদুর নাহার, বীর মুক্তিযোদ্ধা বদরুল আলমসহ গভর্নিং বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে ওয়েব ফাউন্ডেশনের পক্ষে আরও উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের পরিচালক ইফতেখার হোসেন, উপ-পরিচালক কানিজ ফাতেমা, উপ-পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, সিনিয়র সমন্বয়কারী আব্দুস সালাম, সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, এ্যাডভাইজার আব্দুস শুকুর,রিজিওন সমন্বয়কারী জিল্লুর রহমান সহ ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন ইউনিটের কর্মকর্তা বৃন্দ।

সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের সপ্তাহ ব্যাপী শীতবস্ত্র বিতরণ

সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের পক্ষ থেকে সপ্তাহ ব্যাপী জেলার ৪টি উপজেলায় শীতবস্ত্র বিতরণ করা হয়।

গতকাল শুক্রবার (৬ জানুয়ারি) বিকাল ৪টায় চুয়াডাঙ্গা পৌর এলাকার পলাশপাড়ায় মরহুম অধ্যাপক ওয়াজেদ আনোয়ারুল কাদিরের বাড়ির বাগানে প্রায় দুই শতাধিক দুঃস্থ মানুষের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুঃস্হদের হাতে শীতবস্ত্র তুলে দেন জীবননগর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ প্রকৌশলী ইমরুল কাদির বাবু।

হামিদুল ইসলাম সেন্টুর উপস্থাপনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা কো-অর্ডিনেটর ডা. সায়ীদ মেহবুব উল কাদির, এডমিন প্যানেলের মডারেটর লাবণ্য মারু, যুগ্ন কো-অর্ডিনেটর শামস গোলাম হোসেন আবির, শারমিন দিলারা লুনা, সব্যসাচী রাজু, শফিকুল ইসলাম জিন্নাহ, শিক্ষক মহসিন আলী, মোজাম্মেল হক নেন্টু।

এ সময় উপস্থিত ছিলেন সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের ঝর্না, মনোজ কুমার আগারওয়াল, জিয়াউর রহমান জিয়া, জাহাঙ্গীর আলম, শাহীন পারভেজ, কামরুল হাসান হিরো, ইসমাইল হোসেন, মনজুর আলম, সাংবাদিক রিফাত রহমান, জহুরুল ইসলাম, আজিম উদদীন। এছাড়া সার্বিকভাবে সহযোগিতা করেন, ঢাকা থেকে বন্ধু প্রকৌশলী শামীমুর রহমান রোমেল, ডা. আসমা উল হোসনা লাকি, ফিরোজা বেগম কেয়া, জাহাঙ্গীর হোসেন লিটন, নাজমুল হাসান তপু, তৌফিক এহসান বাবু, প্রকৌশলী আনোয়ারুল আজীম বিপুল, জীবননগর উপজেলার যুগ্ন কো- অর্ডিনেটর সাংবাদিক মুন্সী মাহবুবুর রহমান বাবু, আবদুস সালাম ঈশা, হাসানুজ্জামান পলাশ, দামুড়হুদা উপজেলার সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, ইউসুফ আলী খান ঈছা, শাহীন, একরামুল হক।

দর্শনা থেকে শাহ মুহাম্মদ তারিকুজজামান, আলমডাঙ্গা উপজেলা থেকে অন্যতম যুগ্ন কো-অর্ডিনেটর হাবিবুল করিম চঞ্চল, এমদাদ হোসেন, এসএম শাহজাহান ঝন্টু ও বিল্লাল হোসেন বিপ্লব। আমেরিকা প্রবাসী প্রকৌশলী মোহাম্মদ মামুনুর রশীদ এবং কানাডা প্রবাসী প্রকৌশলী ফিরোজ আলী। অনুষ্ঠানের প্রধান অতিথি বলেন, মানুষের উপকারের মধ্যেই মানুষের সার্থকতা, এক্ষেত্রে সারা বাংলা ৮৮ অর্থাৎ এসএসসি ১৯৮৮ ব্যাচ সার্থক। কারণ তারা মানুষের সেবামূলক কাজেই নিয়োজিত আছে, এ ধরনের কাজে সমাজের অন্যান্যদের এগিয়ে আসা উচিত।

এর আগে এদিন সকাল ১০টায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছী ইউনিয়নে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. কামাল হোসেন, ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার খাদ্য কর্মকর্তা মো. আবু হেনা, কামরুল হাসান হিরো, শাহ মুহাম্মদ তারিকুজজামান ও জেলা কো-অর্ডিনেটর ডা সায়ীদ মেহবুব উল কাদিরসহ এলাকার সম্মানিত ব্যক্তিবর্গ। সকলেই সামাজিক কাজের ধারাবাহিকতা বজায় রাখার উপর গুরুত্ব দেন। সারা বাংলা ৮৮, সুখে দুঃখে পাশাপাশি এই মূলমন্ত্র নিয়ে সারা বাংলা ৮৮ মানুষের মুখে হাসি ফোটানোর জন্য এগিয়ে যাবে এটাই সবার প্রত্যাশা।

উল্লেখ্য, এর আগে চুয়াডাঙ্গার দামুড়হুদা, জীবননগর ও আলমডাঙ্গা উপজেলায় সারা বাংলা ৮৮ জেলা প্যানেলের পক্ষ থেকে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় রোটারী ক্লাবের উদ্যোগ শীতার্ত মানুষ মাঝে কম্বল বিতরণ

কুষ্টিয়ায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। রোটারী ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে গতকাল মঙ্গলবার কুষ্টিয়া পৌরসভার ৭ ও ৮ নং ওয়ার্ড এলাকায় এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট রোটারিয়ান আবু হাসান লিটন এমপিএইচএফ এমডি এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন, রোটারি ক্লাব অব কুষ্টিয়ার শীত বস্ত্র উপহার প্রদানে উপস্থিত ছিলেন রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর অ্যাডিশনাল গভর্নর রোটারিয়ান অজয় সুরেকা এমপিএইচএফ, ডিস্ট্রিক সেক্রেটারি সৈয়দা হাবিবা একেএস, রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট-ইলেক্ট রোটারিয়ান অ্যাডভোকেট মোসাদ্দেক আলী মণি এমপিএইচএফ এমডি, প্রেসিডেন্ট-নমিনি রোটারিয়ান রুয়াইম রাব্বি এমপিএইচএফ এমডি, সেক্রেটারি তুষার রতন, রোটারিয়ান গোপা সরকার আরএফএসএম, রোটারিয়ান বরেন পোদ্দার, রোটারেক্ট শাহরিয়ার পারভেজ শাওন, কুষ্টিয়া পৌরসভার ৭নং ওয়ার্ড কমিশনার এইচ এম তানভীর নবেল এবং ৮নং ওয়ার্ড কমিশনার শেখ কৌশিক আহম্মেদসহ অনেকে।

রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর অ্যাডিশনাল গভর্নর রোটারিয়ান অজয় সুরেকা এমপিএইচএফ জানান, সারাদেশের মতো কুষ্টিয়াতেও শীতের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এই কনকনে শীতে পৌরসভার ৭ ও ৮ নং এলাকার শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আর্তমানবতার সেবায় রোটারী ক্লাব অব কুষ্টিয়া নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সমাজের বিভিন্ শ্রেনী পেশার মানুষের জন্য রোটারী ক্লাব অব কুষ্টিয়া বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে তা বাস্তবায়নের মাধ্যমে মানুষের অন্তরে স্থান করে নিয়েছে।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট রোটারিয়ান আবু হাসান

লিটন বলেন, আমরা যারা রোটারী করি এসব রোটারিয়ানরা নিজেদের উপার্জনের অর্থের একটি অংশ সমাজের অসহায় মানুষের কল্যাণে ব্যয় করে থাকি। রোটারীর মাধ্যমে মানুষের সহায়তায় এগিয়ে আসা একটি মহৎ কাজ। সমাজের বিত্তবানদের সকলের উচিত যার যার অবস্থান থেকে রোটারীর ন্যায় সাহায্যের হাত প্রসারিত করা। তাহলেই আগামীর জন্য একটি সুখী-সুন্দর সমাজ বিনির্মাণ করা সম্ভব।

এদিকে কম্বল পেয়ে বিভিন্ন পেশার মানুষ বলেন, রোটারী ক্লাবের পক্ষ থেকে এই তীব্র শীতে কম্বল উপহার পেয়ে আমাদের অনেক উপকারে লাগবে। শীত লাঘব হবে। কম্বল পেয়ে একটু আরাম পাবো।

নারী উদ্যোক্তা ঝর্ণা বেগমের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতের কবলে বিপর্যস্ত অজস্র হতদরিদ্র মানুষের কথা বিবেচনা করে কুষ্টিয়া শহরতলীর হরিশংকরপুর এলাকায় ছিন্নমূল মানুষের মাঝে শতাধিক কম্বল বিতরণের কর্মসূচি হাতে নিয়েছে নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম। একইসাথে তাদের রান্না করা খাবার বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার ‘কম্বল বিতরণ’ কার্যক্রমের উদ্বোধন করেন বিশিষ্ট ব্যবসায়ী হেলাল উদ্দিন ও নিঝুম লেডিস কর্ণার এর কর্ণধার নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বপ্ন প্রয়াস যুব সংস্থার সভাপতি সাদিক হাসান রহিদ। এসময় তিনি বলেন, প্রচন্ড এই শীতে শীতার্ত কষ্ট লাঘবে সমাজের বিত্তশালীদের এগিয়ে আসতে হবে। নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম প্রচণ্ড শীতে অসহায় মানুষের কষ্ট দূর করতে

তার নিজ উদ্যোগে যেভাবে শীতার্তদের পাশে দাঁড়িয়েছে এভাবে যে যার জায়গা থেকে এগিয়ে আসলে শীতার্তদের শীতের কষ্ট দূর হবে।

নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম বলেন, প্রতি বছরের ন্যায় এবারের শীতেও আমরা অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করছি। এ ধরনের সেবা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। তিনি আরও বলেন, আমি আমার সাধ্যমত নানান সামাজিক কর্মকান্ডের সাথে নিজেকে সম্পৃক্ত রেখেছি। এসময় স্থানীয় গণমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম ব্যবসায়ের পাশাপাশি মানব সেবামূলক কর্মসূচিসহ নানান সামাজিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত। এই সেবামূলক কর্মকান্ডের মধ্যে রয়েছে ছিন্নমূল পথশিশু, এতিম ও দুস্থদের মাঝে খাদ্য, শিক্ষাসামগ্রী, ঔষধ, মাদ্রাসায় কুরআন শরীফ সহ, শিক্ষার্থীদের পোশাক প্রদান করে থাকে।

মেহেরপুরের শুভ সংঘের প্রস্তুতি সভা

আগামী ১০ জানুয়ারি কালের কণ্ঠ’র ১৩তম প্রতিষ্ঠাবাষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে কালের কণ্ঠ-শুভ সংঘের উদ্যোগে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কালের কণ্ঠ-শুভ সংঘের মেহেরপুর জেলা শাখার সভাপতি সহযোগী অধ্যাপক নুরুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, সাংগঠনিক সম্পাদক আল মাসুম শেখ, সদস্য বশির আহমেদ, পলাশ আহমেদ, আসিফ ইকবাল শুভ, ওবায়দুল্লাহ, আবু রায়হান নিরব প্রমুখ।

আগামী ১০ জানুয়ারি কালের কণ্ঠর প্রতিষ্ঠাবার্ষিকী সফলতার সাথে পালন এবং শুভ সংঘের নতুন কমিটি গঠনের বিষয়নে নানা আলোচনা করা হয়।